গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কয়রা, খুলনা।
www.koyra.khulna.gov.bd

১৪৩৩ বঙ্গাব্দে হাট- বাজার ইজারা দরপত্র বিজ্ঞপ্তি (১ম থেকে ৪র্থ পর্ব)ঃ

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ভূমি মন্ত্রণালয়ের ০৬ অক্টোবর ২০২৫ খ্রি. তারিখের প্রজ্ঞাপন মোতাবেক খুলনা জেলাধীন কয়রা উপজেলার নিম্নবর্ণিত হাট-বাজারসমূহ ১৪৩৩ বঙ্গাব্দের ০১ লা বৈশাখ হতে ৩০ চৈত্র অনধিক ০১ (এক) বছরের জন্য ইজারা বন্দোবস্ত প্রদানের নিমিত্ত আগ্রহী ব্যক্তি/ ইজারাদারের নিকট হইতে সিলমোহরকৃত খামে দরপত্র আহ্বান করা হলো। দরপত্রসমূহ নির্ধারিত মূল্যে (অফেরতযোগ্য) জেলা প্রশাসক, খুলনা মহোদয়ের স্থানীয় সরকার শাখা, নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে, সহকারী কমিশনার (ভূমি), কয়রা, অফিসার ইনচার্জ, কয়রা থানা ও সোনালী ব্যাংক লিঃ, কয়রা শাখা হতে নিম্নবর্ণিত তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে ক্রয় করা যাবে। দরপত্রসমূহ নিম্নবর্ণিত নির্ধারিত তারিখ ও সময়ে জেলা প্রশাসক, খুলনা মহোদয়ের স্থানীয় সরকার শাখা, নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে ও সহকারী কমিশনার (ভূমি), কয়রা, খুলনা এর অফিসে রক্ষিত টেন্ডার বাক্সে সকাল ৯.০০ টা হতে দুপুর ১.০০ টা পর্যন্ত গ্রহণ করা হবে এবং একই দিন বেলা ৩.০০ ঘটিকায় দরপত্র দাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) উপরে বর্ণিত স্ব-স্ব অফিসে টেন্ডার বাক্স খোলা হবে।

| ক্রঃ নং | হাট-বাজারের নাম | ইউনিয়নের নাম | সম্ভাব্য সরকারি মূল্য | সিডিউলের মূল্য |
|---|---|---|---|---|
| ১ | আমাদী হাট | আমাদী | ৮,১২,৬৫৫/- | ২,৪০০/- |
| ২ | আমাদী বাজার | আমাদী | ৭,৩৫০/- | ৫০০/- |
| ৩ | ভান্ডারপোল হাট | আমাদী | ২৯,৫৩৯/- | ৫০০/- |
| ৪ | সুড়িখালী হাট | আমাদী | ১,৩১,০৮৭/- | ১,০০০/- |
| ৫ | ঘুগরাকাটি হাট | বাগালী | ৯৩,১০৪/- | ৫০০/- |
| ৬ | খোড়লকাটি হাট | মহেশ্বরীপুর | ৩৬,৫৫৩/- | ৫০০/- |
| ৭ | গিলাবাড়ী হাট | মহেশ্বরীপুর | ২৬,২৩০/- | ৫০০/- |
| ৮ | বানিয়াখালী হাট | মহেশ্বরীপুর | ৫২৪/- | ৫০০/- |
| ৯ | হোগলার হাট | বাগালী | ৫৫,৩১৫/- | ৫০০/- |
| ১০ | চৌকুনী হাট | মহেশ্বরীপুর | ৩৪,১৬৮/- | ৫০০/- |
| ১১ | সুতির হাট | মহারাজপুর | ৩,১২৭/- | ৫০০/- |
| ১২ | দেউলিয়া হাট | কয়রা | ৪,৩৫,২৮০/- | ১,৬০০/- |
| ১৩ | হায়াতখালী হাট | মহারাজপুর | ৪৫,৫৮০/- | ৫০০/- |
| ১৪ | অন্তাবুনিয়া হাট | মহারাজপুর | ৫,৭০৪/- | ৫০০/- |
| ১৫ | ঝিলিয়াঘাটা হাট | কয়রা | ২৩,০০২/- | ৫০০/- |
| ১৬ | জোড়শিং হাট | দক্ষিণ বেদকাশী | ১,২৭২/- | ৫০০/- |
| ১৭ | ঘড়িলাল হাট | দক্ষিণ বেদকাশী | ১,২৫,৯৯৯/- | ১,০০০/- |
| ১৮ | বেদকাশী হাট | উত্তর বেদকাশী | ৮৮৪/- | ৫০০/- |
| ১৯ | বড়বাড়ী হাট | উত্তর বেদকাশী | ৩,৩২২/- | ৫০০/- |

| পর্ব | দরপত্র ক্রয়ের তারিখ ও সময় | দরপত্র দাখিলের তারিখ ও সময় | দরপত্র খোলার তারিখ ও সময় |
|---|---|---|---|
| ১ম | ১৭/০২/২০২৬ খ্রি. তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ের মধ্যে | ১৮/০২/২০২৬ খ্রি. তারিখ দুপুর ১.০০ টা পর্যন্ত | ১৮/০২/২০২৬ খ্রি. তারিখ বেলা ৩.০০ ঘটিকা। |
| ২য় | ০২/০৩/২০২৬ খ্রি. তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ের মধ্যে | ০৩/০৩/২০২৬ খ্রি. তারিখ দুপুর ১.০০ টা পর্যন্ত | ০৩/০৩/২০২৬ খ্রি. তারিখ বেলা ৩.০০ ঘটিকা। |
| ৩য় | ২৯/০৩/২০২৬ খ্রি. তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ের মধ্যে | ৩০/০৩/২০২৬ খ্রি. তারিখ দুপুর ১.০০ টা পর্যন্ত | ৩০/০৩/২০২৬ খ্রি. তারিখ বেলা ৩.০০ ঘটিকা। |
| ৪র্থ | ০৭/০৪/২০২৬ খ্রি. তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ের মধ্যে | ০৮/০৪/২০২৬ খ্রি. তারিখ দুপুর ১.০০ টা পর্যন্ত | ০৮/০৪/২০২৬ খ্রি. তারিখ বেলা ৩.০০ ঘটিকা। |

১ম পর্বে যে হাট-বাজার এর দরপত্র অনুমোদিত হবে ২য় পর্বে সেই হাট-বাজারের দরপত্র বিক্রয় করা হবে না। একই ভাবে অন্যান্য পর্বসমূহ পরিচালিত হবে।

"শর্ত সমূহ"

১৪৩৩ বঙ্গাব্দে হাট-বাজার ইজারার শর্তবালী ঃ

১। বাংলা ১৪৩৩ সনের ১লা বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত ০১ (এক) বছর মেয়াদকালের জন্য হাট-বাজার ইজারা দেয়া হবে।

২। দরপত্রদাতাকে দরপত্রের সহিত দরপত্রে উল্লেখিত দরের ৩০% (শতকরা ৩০ ভাগ) অর্থ জামানত হিসেবে যে কোন তপসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফ্ট এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, কয়রা, খুলনা এর অনুকূলে জমা দিতে হবে। ইহার অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারামূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকি ৫% অর্থ জামানত হিসাবে সংরক্ষিত থাকবে। ইজারাদার নিয়মিত হাট বাজার নিজ খরচে পরিষ্কার না করলে বা অন্য কোন ক্ষতি সাধন করলে উক্ত জামানত হতে তা মিটানো হবে। বৎসর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবরে প্রত্যর্পন করা হবে।

চলমান পাতা/২

CamScanner

৩। যাহার দরপত্র গৃহীত হবে, দরপত্র সংবাদ অবহিত হওয়ার ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রের দরের অবশিষ্ট ৭৫% (শতকরা পঁচাত্তর ভাগ) অর্থ মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ১০% আয়কর, ১৫% ভ্যাট (মূল্য সংযোজন কর) অবশ্যই একই সংগে পরিশোধ করতে হবে। অন্যথায় হাট/বাজারের জন্য জমাদানকৃত জামানত বাজেয়াপ্ত করা হবে এবং পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

৪। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট- বাজারের (সরকারি মূল্য) হতে কম হয় তা হলে পুনরায় দরপত্র আহবান করা হবে।

৫। এক হাট-বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র অপর এক হাট- বাজারের জন্য দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র (সিডিউল) বিক্রয় হবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় অন্তর্ভুক্ত হাট-বাজারের দরপত্র হিসাবে ব্যবহার করা যাবে না।

৬। খামের উপর দরপত্র দাতার নাম, ঠিকানা ও হাট বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

৭। সরকার অনুমোদিত টোল রেইট মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদারকে নিজ খরচে বাজারের দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট প্রদর্শনের ব্যবস্থা করতে হবে।

৮। প্রত্যেক হাট-বাজারের জন্য পৃথক সিলমোহরকৃত খামে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষরান্তে দরপত্র দাখিল করতে হবে।

৯। ইজারাদার কোন ক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাব-লীজ দিতে পারবে না।

১০। ইজারার সমস্ত অর্থ (ভ্যাট, আয়করসহ) পরিশোধের ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিসিয়াল ষ্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করে নিতে হবে।

১১। দুই বা ততোধিক দরপত্র দাতার প্রদত্ত দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গন্য হবে।

১২। ইজারাদার নিজ খরচে হাট-বাজারটি পরিস্কার পরিচ্ছন্ন রাখবে।

১৩। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিষ্টার সংরক্ষণ করবেন।

১৪। কোন প্রকার ঘষামাজা/কাটাকাটি/লেখার উপর লেখা সংবলিত দরপত্র গ্রহণ করা হবে না।

১৫। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গন্য হবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারা অর্থ কর্তন পূর্বক বাকী জমাকৃত অর্থ ইজারাদারকে প্রদান করা হবে ।

১৬। হাট-বাজারের বকেয়া ইজারার টাকা 'সরকারি দাবী আদায় আইন' ১৯১৩ অনুযায়ী সার্টিফিকেট কেসের মাধ্যমে আদায়যোগ্য।

১৭। চুক্তিপত্রের যে কোন শর্ত লঙ্ঘন করা হলে ইজারা বাতিল করা যাবে।

১৮। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

২৯/০১/২৬

মোঃ আব্দুল্লাহ আল বাকী
উপজেলা নির্বাহী অফিসার
কয়রা, খুলনা।
ফোন-০২৪৭৭৭৩১৩০৬
ই-মেইলঃ unokoyra@mopa.gov.bd

স্মারক নং-০৫.৪৪.৪৭৫৩.০০১.৩৯.০০১.২৬- ৭৮

তারিখ: ১৫ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ
২৯ জানুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ

১। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
২। পরিচালক, স্থানীয় সরকার, খুলনা বিভাগ, খুলনা।
৩। জেলা প্রশাসক, খুলনা।
৪। পুলিশ সুপার, খুলনা।
৫। উপ-পরিচালক স্থানীয় সরকার, খুলনা।
৬। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), খুলনা।
৭। প্রশাসক, উপজেলা পরিষদ, কয়রা, খুলনা।
৮। উপজেলা নির্বাহী অফিসার, পাইকগাছা/ডুমুরিয়া/দাকোপ/বটিয়াঘাটা/ফুলতলা/দিঘলিয়া/তেরখাদা/রূপসা, খুলনা।
৯। সহকারী কমিশনার (ভূমি), কয়রা, খুলনা।
১০। উপজেলা ........................................ অফিসার, কয়রা, খুলনা। (বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে টাঙ্গিয়ে রাখার জন্য)।
১১। অফিসার ইন-চার্জ, কয়রা থানা, খুলনা।
১২। চেয়ারম্যান,আমাদী/বাগালী/মহেশ্বরীপুর/মহারাজপুর/কয়রা/উঃ বেদকাশী/দঃ বেদকাশী ইউনিয়ন পরিষদ, কয়রা, খুলনা।
(বিজ্ঞপ্তিটি তার এলাকার হাট/বাজার ও জনাকীর্ণ স্থানে ঢোল সহরতে/মাইকযোগে ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো।)
১৩। সভাপতি/সেক্রেটারী, উপজেলা প্রেস ক্লাব/প্রেস ক্লাব, কয়রা, খুলনা।
১৪। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, আমাদী/ মহেশ্বরীপুর/ মদিনাবাদ/ বেদকাশী ইউনিয়ন ভূমি অফিস, কয়রা, খুলনা। (বিজ্ঞপ্তিটি তার এলাকার হাট/ বাজার ও জনাকীর্ণ স্থানে ঢোল সহরতে/ মাইকযোগে ব্যাপক প্রচারের জন্য বলা হলো।)
১৫। জনাব ...................................... প্রাক্তন ইজারাদার/ ডাককারী.............................হাট/বাজার, কয়রা, খুলনা।
১৬। নোটিশ বোর্ড/ অফিস নথি।

২৯/০১/২৬

মোঃ আব্দুল্লাহ আল বাকী
উপজেলা নির্বাহী অফিসার
কয়রা, খুলনা।

CamScanner